জগন্নাথপুরে রাস্তা থেকে তুলে নিয়ে তরুণীকে রাতভর আটকে রেখে ধর্ষণ

চেম্বার ডেস্ক:: সুনামগঞ্জের জগন্নাথপুরে এক তরুণীকে জোরপূর্বক বাড়িতে আটকে রেখে রাতভর ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় ধর্ষিতা তরুণীর মা বাদী হয়ে সুনামগঞ্জের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতে মামলা দায়ের করেছেন।

বৃহস্পতিবার আদালত মামলা গ্রহণ করে জগন্নাথপুর থানা পুলিশকে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন।

জানা যায়, উপজেলার রানীগঞ্জ ইউনিয়নের নোওয়াগাঁও গ্রামের চুনু মিয়ার বখাটে ছেলে মিরজু মিয়া (৩৬) গত ২৪ অক্টোবর ওই তরুণীকে
(১৭) রাস্তা থেকে তুলে নিয়ে তার বাড়িতে জোরপূর্বক আটকে রেখে রাতভর ধর্ষণ করে।

তরুণীর মা জানান, তার মেয়েকে দীর্ঘদিন ধরে উত্ত্যক্ত করে আসছিল মিরজু মিয়া। বিষয়টি তার বড় ভাই ও এলাকার গণ্যমান্য ব্যক্তিকে অবহিত করলে মিরজু আরও বেপরোয়া হয়ে উঠে। গত ২৪ অক্টোবর সন্ধ্যায় গ্রামের ভেতর দোকান থেকে মালামাল ক্রয় করতে যায়। সেখান থেকে বাড়ি ফেরার পথে মিরজু তার মেয়েকে মুখে কাপড় বেঁধে তার বাড়িতে নিয়ে আটকে রেখে জোরপূর্বক ধর্ষণ করে।

তিনি জানান, বিষয়টি আমি জানার পর জগন্নাথপুর থানায় অবগত করলে পুলিশ তদন্তে নামে। পরে আমি আদালতে গিয়ে মামলা দায়ের করি।

একই গ্রামের বাসিন্দা ইউনিয়ন পরিষদের সদস্য বজলুর রহমান জানান,

ধর্ষণের ঘটনাটি আমরা শুনেছি। ওই যুবক এলাকায় খারাপ চরিত্রের লোক হিসেবে পরিচিত। এর আগেও এসব অভিযোগে ১২ বছর জেল খেটেছে।

শুক্রবার বিকালে জগন্নাথপুর থানার ওসি ইখতিয়ার উদ্দিন চৌধুরী জানান, এ ব্যাপারে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।